# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ আহল বাইত, সাহাবী-তাবিয়ী ও উম্মাত

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১. পাক-পাঞ্জাতন

আহল বাইতের মধ্য থেকে রাসূলুল্লাহ (ﷺ)-এর সাথে আলী, ফাতিমা, হাসান ও হুসাইন (রা)-কে একত্রিত করে পাঁচজনের একত্রিত বিশেষ মর্যাদা জ্ঞাপক অনেক বানোয়াট ও মিথ্যা কথা ‘‘পাক-পাঞ্জাতন’’ নামে প্রচলিত আছে। ‘‘পাক-পাঞ্জাতন’’ বিষয়ক সকল কথা বানোয়াট ও জঘন্য মিথ্যা কথা।

আলী ও ফাতিমা- রদিয়াল্লাহু আনহুমা-কে কেন্দ্র করে মুর্খরা অনেক বানোয়াট, আজগুবি ও মিথ্যা কথা রটনা করেছে। যেমন: ফাতিমা (রা) একদিন একটি পাখির মাংস খেতে চান। আলী (রা) অনেক চেষ্টা করেও পাখিটি ধরতে পারেন না।.... জঘন্য মিথ্যা কথা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4843

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন